



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ডাকবাস্তি নং ৩২৫  
ঢাকা  
বাংলাদেশ  
[www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

কৃষি খণ্ড বিভাগ  
(পলিসি শাখা)

১৮ এপ্রিল ২০১০

তারিখঃ -----

০৫ বৈশাখ ১৪১৭

এসিডি সার্কুলার নং: ১০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**তামাক চাষের জন্য কৃষকদেরকে সরাসরি অথবা চুক্তিবদ্ধ উৎপাদন (contract farming)  
ব্যবস্থার আওতায় ব্যাংক খণ্ড/অর্থায়ন সুবিধা প্রদান বন্ধ করণ প্রসঙ্গে।**

তামাক ও তামাকজাত দ্রব্য সেবন ও ব্যবহার জনস্বাস্থ্য, আর্থিক অবস্থা ও খাদ্য নিরাপত্তার প্রতি ভূমিকা স্বরূপ। তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহারকারী, তার পরিবারের শিশুসহ অন্যান্য সদস্য, সহকর্মীরা ছাড়াও তামাক চাষ, প্রক্রিয়াজাতকরণ ও তামাকজাত পণ্য উৎপাদনে সরাসরি জড়িত শ্রমিক এবং অন্যান্য কর্মীরা প্রত্যেকেই বিভিন্ন মাত্রার স্বাস্থ্যগত ক্ষতির শিকার হন। তামাক চাষ সম্প্রসারণের ফলে শস্য/ফসল চাষের জন্য দেশের বিভিন্ন অঞ্চলে জমির পরিমাণ ক্রমবর্ধমান হারে হ্রাস পাচ্ছে; যা বাংলাদেশের মত অত্যন্ত জনবহুল একটি দেশের খাদ্য নিরাপত্তার পথে ঝুঁকির পরিমান বৃদ্ধি করছে। তা ছাড়া কাঁচা তামাক পাতা বিক্রয়ের উদ্দেশ্যে শুকানো (curing)-র জন্য প্রচুর জ্বালানী পোড়ানোর প্রয়োজন হয়, যার ফলে বাতাসে ক্ষতিকর তামাকের গন্ধযুক্ত ধোয়া ও কার্বন-ডাই-অক্সাইড গ্যাস নির্গত হয়। এতে করে সংশ্লিষ্ট এলাকায় তীব্র বায়ু দূষণের পাশাপাশি বৃক্ষনির্ধন উৎসাহিত হয় যা জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতিকর প্রভাব বৃদ্ধিতে ভূমিকা রাখে।

এমতাবস্থায়, মানুষের স্বাস্থ্য, আর্থিক অবস্থা ও পরিবেশের জন্য ক্ষতিকর তামাক চাষকে নিরুৎসাহিত করা এবং দেশের খাদ্য নিরাপত্তা বৃদ্ধির স্বার্থে এখন থেকে কৃষকদের সরাসরি অথবা কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান/কোম্পানীর অনুকূলে মণ্ডুরীকৃত খণ্ডসীমার আওতায় চুক্তিবদ্ধ উৎপাদন (contract farming) ব্যবস্থায়ে কৃষকদের মাধ্যমে তামাক চাষের জন্য খণ্ড/অর্থায়ন সুবিধা প্রদান না করার জন্য পরামর্শ প্রদান করা হলো। তামাক চাষের জন্য ইতোপূর্বে বিতরণকৃত খণ্ড/অর্থায়ন সুবিধা যথাসময়ে আদায়/সমন্বয় করতে হবে এবং উচ্চ খণ্ড নবায়ন বা খনের মেয়াদ বৃদ্ধি করা যাবে না। ব্যাংক খণ্ড সুবিধার আওতায় বর্তমানে তামাক চাষে নিয়োজিত চাষীরা যাতে সংশ্লিষ্ট জমিতে বিকল্প শস্য/ফসল উৎপাদন করতে পারে সেই লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকায় কৃষি খাতে খণ্ডের প্রবাহ বাড়নোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

উপরোক্ত সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্থীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এস, এম, মনিরুজ্জামান)  
মহাব্যবস্থাপক  
ফোন নং-৭১২০৯৪৭